



তারিখ... 28 OCT 1988
পৃষ্ঠা... ৫

056

**পিরুজালী স্কুলের
নানা সমস্যা II
শিক্ষকেরা
বেতন পাচ্ছে না**

টঙ্গী (গাজীপুর), ২৭শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।— পিরুজালী আদর্শ উচ্চ বিদ্যালয়টি দীর্ঘদিন যাবৎ নানা সমস্যায় ভুগছে। আর্থিক অনটনের দরুন বিদ্যালয়ের আসবাবপত্র, শিক্ষা উপকরণ ও বিজ্ঞান সরঞ্জাম ক্রয় ও শিক্ষকের বেতন দেয়া অসম্ভব হয়ে পড়েছে। বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নিতান্তই কম। প্রয়োজনের তুলনায় বেঞ্চ, চেয়ার, টেবিল অতি নগণ্য সংখ্যক রয়েছে যাতে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় দারুণ অসুবিধা হচ্ছে। মাটির দেয়ালের দু'টি শ্রেণী কক্ষ নির্মাণ করা হলেও অর্থাভাবে আজো দরজা-জানালা তৈরী করা সম্ভব হয়নি। বিদ্যালয়ের বিজ্ঞানাগারের নির্মাণ কাজ ৫ বছর ধরে স্থগিত। প্রয়োজনীয় টাকা-কড়ি ও বিজ্ঞান সরঞ্জাম নেই। বিদ্যালয়ে

চার বছর ধরে শিক্ষকেরা বেতন পাচ্ছেন না, স্থানীয় জনসাধারণের দেয়া চাঁদায় কোনমতে নামেমাত্র বেতনে শিক্ষকেরা বেঁচে আছেন। বিদ্যালয়ের পরিচালনা পরিষদের দাতা সদস্য আবু বকর সিদ্দিক বলেন, ১৯৮৩ সন থেকে শিক্ষকদের সরকারী ভাতা সহসা বন্ধ হয়ে যায়। বহু দিন-দরবার করেও তা পুনরায় ফিরে পাওয়ার ব্যবস্থা হয়নি। এ ব্যাপারে জেলা শিক্ষা কর্মকর্তা প্রয়োজনীয় প্রতিবেদন ও সুপারিশ শিক্ষা পরিদফতরে পাঠালেও কোন কাজ হয়নি। বর্তমানে শিক্ষকেরা অর্থনৈতিক সংকটে নিদারুণ দুর্ভোগ পোহাচ্ছেন। পঞ্চাশেরে বিদ্যালয়টি ধীরে ধীরে অর্থনৈতিক দুরবস্থায় পতিত হয়ে অচল হয়ে পড়বার উপক্রম হয়েছে। এ উচ্চ বিদ্যালয়টি বন্ধ হয়ে গেলে নিকটস্থ ৮টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা উচ্চ শিক্ষার সুযোগ থেকে সম্পূর্ণ বঞ্চিত হবে।